দৈনিক ইনকিলাব

তারিখ 04 DEC 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

## ৩১ ডিসেম্বর পর্যন্ত ইসলামী বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে

গত ২৫ নভেম্বর ইসলামী বিশ্ববিদ্যালয়ে সংঘটিত এক অপ্রীতিকর ঘটনার প্রেক্ষিতে ৩০ নভেম্বর অনুষ্ঠিত জরুরী সিণ্ডিকেট সভার সিদ্ধান্ত মোতাবেক বিশ্ববিদ্যালয়ে টেলিফোন স্থাপন, সীমানা প্রাচীর নির্মাণ ও আইন-শৃংখলা রক্ষাকারী ক্ষমতাসম্পন্ন পুলিশ কর্মকর্তার নেতৃত্বে একশ' দাংগা পুলিশ মোতায়েন সাপেক্ষে বিশ্ব বিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ক্লাসসমূহ পূর্ব ঘোষিত বন্ধ ৩ ডিসেম্বর থেকে ২০ ডিসেম্বর পর্যন্ত বর্ধিত করা হয়। ২১ ডিসেম্বর থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত শীতকালীন ছুটি শেষে ২ জানুয়ারী হতে বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ যথারীতি শুরু হবে। —প্রেস বিজ্ঞপ্তি'র।